

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৪/২২৩

তারিখ : ৪ জানুয়ারী ২০২৫

## সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : পোশাক শিল্প কারখানাতে উৎসব ছুটি নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গত ২১ অক্টোবর ২০২৪ তারিখে (প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.১২৩.২৩-১৬৬) ছুটির তালিকা প্রকাশ করেছে। উল্লেখিত ছুটি বাংলাদেশের সকল সরকারী ও আধা-সরকারী অফিস এবং সংবিধিবদ্ধ, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের জন্য প্রযোজ্য।

উক্ত প্রজ্ঞাপনে বেসরকারী কোন প্রতিষ্ঠান বা শিল্প কারখানার ছুটির বিষয়ে উল্লেখ নেই, তাই উক্ত প্রজ্ঞাপন বেসরকারী কোন প্রতিষ্ঠান বা শিল্প কারখানার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

পোশাক শিল্প কারখানাসমূহে বেসরকারী শিল্প কারখানা হিসেবে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক বার্ষিক উৎসব ছুটি নির্ধারণ করতে হবে।

আপনার অবগতির জন্য শ্রম আইন ও শ্রম বিধিমালা'র সংশ্লিষ্ট বিধান নিম্নে উল্লেখ করা হলো:

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা - ১১৮। উৎসব ছুটি।- (১) প্রত্যেক শ্রমিককে প্রতি পঞ্জিকা বৎসরে এগার দিনের মজুরী সহ উৎসব ছুটি মঞ্জুর করতে হবে।

(২) বিধি দ্বারা নির্ধারিত ভাবে মালিক উক্ত ছুটির দিন ও তারিখ স্থির করবেন।

বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি - ১১০। উৎসব ছুটি।- (১) প্রত্যেক মালিক তার প্রতিষ্ঠানের যৌথ দরকষাকষি প্রতিনিধির (যদি থাকে) সহিত আলোচনাক্রমে প্রতি বৎসর ৩১ ডিসেম্বরের মধ্যে পরবর্তী বৎসরের উৎসব ছুটি নির্ধারণ করবেন, যা ১১ (এগার) দিনের কম হবে না।


(২) মালিক উক্ত ছুটির তালিকা প্রতিষ্ঠানের সকল শ্রমিকের জ্ঞাতার্থে নোটিস বোর্ডে লটকাইয়া রাখবেন এবং উহার একটি কপি সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট প্রেরণ করবেন।

(৩) যৌথ দরকষাকষি প্রতিনিধি না থাকলে মালিক বিষয়টি অংশগ্রহণকারী কমিটিতে আলোচনাক্রমে উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী উৎসব ছুটি নির্ধারণ করবেন।

(৪) কোন প্রতিষ্ঠানে যৌথ দরকষাকষি প্রতিনিধি বা অংশগ্রহণকারী কমিটি কোনটিই না থাকলে মালিক যতদূর সম্ভব শ্রমিকদের সহিত আলোচনাক্রমে উক্ত ছুটি নির্ধারণ করবেন।

অতএব, আপনার কারখানাতে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক ২০২৫ সালের উৎসব ছুটি নির্ধারণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

  
স্বাক্ষর: ফয়জুর রহমান  
মুহা সচিব